

মা ও শিশু সহায়তা কর্মসূচি

প্রকাশন তারিখ : 2022-10-24



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দরিদ্র ও অসহায় পরিবারের ২০ থেকে ৩৫ বছর বয়সী গর্ভবতী মা ও শিশুর জন্য মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছেন।



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দরিদ্র ও অসহায় পরিবারের ২০ থেকে ৩৫ বছর বয়সী গর্ভবতী মা ও শিশুর জন্য মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছেন। মা ও শিশু সহায়তা কর্মসূচি গর্ভকালীন এবং প্রাক শৈশব অবস্থা অর্থাৎ শিশুর জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিন (গোল্ডেন ডে) সহ শিশুর ৪ বছর বয়স পর্যন্ত মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি চাহিদা, শিশুর মনো-সামাজিক এবং বুদ্ধিবৃত্তিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ কর্মসূচির মাধ্যমে প্রতিমাসে আটশত টাকা করা তিন বছর সারাদেশে ১২ লক্ষ ৫৪ হাজার মাকে এ ভাতা প্রদান করা হচ্ছে। সরকার আগামী ২০২৬ সালের মধ্যে ৬০ লক্ষ মাকে এ কর্মসূচির আওতায় নিয়ে আসবে। এর ফলে মায়াদের আর্থিক অন্তর্ভুক্তিতে অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে।